

**AKASHVANI(AIR)**  
**RNU: KOLKATA**  
**Bengali Text Bulletin**

**Date 21-06 2026**

**Time: 1.40 PM**

‘সুস্থ বার্ধক্যের জন্য যোগব্যায়াম’—এই মূল ভাবনাকে সামনে রেখে আজ ভারত তথা সমগ্র বিশ্বজুড়ে দ্বাদশ আন্তর্জাতিক যোগ দিবস উদযাপিত হচ্ছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী কলকাতার রেড রোড থেকে দেশবাসীকে এই যোগব্যায়াম উদযাপনে নেতৃত্ব দেন। হাজার হাজার মানুষ তাঁর সঙ্গে সকালের এই যোগাভ্যাসে शामिल হন।

অনুষ্ঠানে ভাষণে প্রধানমন্ত্রী বলেন, ২১শে জুন পৃথিবীর কিছু অংশে দীর্ঘতম দিন হিসেবে পরিচিত হলেও, আজ যোগব্যায়ামকে উপলক্ষ করে এটি বিশ্বের বৃহত্তম সামাজিক উদযাপনের দিনে পরিণত হয়েছে।

Byte PM

প্রধানমন্ত্রী আরও বলেন, যোগব্যায়াম কেবল শারীরিক অনুশীলন নয় এমনকি এটি কোনো নির্দিষ্ট বয়সের মধ্যেও সীমাবদ্ধ নয়, বরং এটি হলো মানব আত্মারই এক অভিব্যক্তি।

রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বলেন, আন্তর্জাতিক যোগ দিবসের মাধ্যমে যোগ রাজ্যে ফিরে এসেছে। যোগদিবসের জন্য সারা রাজ্যে আড়াই লক্ষের বেশি রেজিস্ট্রেশন হয়েছে বলেও জানান তিনি।

বাইট- শুভেন্দু

---

১২ তম আন্তর্জাতিক যোগ দিবস উপলক্ষ্যে রাজ্যের সমস্ত জেলা জুড়ে যোগ উৎসবে অংশ নিয়েছেন বাংলার বিভিন্ন প্রান্তের মানুষ। সরকারি অফিস থেকে শিক্ষা প্রতিষ্ঠান, সর্বত্রই যোগাভ্যাস কর্মসূচিতে জনসাধারণের যোগদান ছিল চোখে পড়ার মতো।

শান্তিনিকেতনের বিশ্বভারতীতে শিক্ষার্থী ও অধ্যাপকদের সঙ্গে আজ সকালে যোগাভ্যাসে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার।

পূর্ব মেদিনীপুরের দীঘায় শ্রীশ্রী জগন্নাথ কালচারাল সেন্টারে আজ সকালে বিপুল উৎসাহ উদ্দীপনা ও ভক্তি সহকারে পালিত হয় আন্তর্জাতিক যোগ দিবস। ইসকনের সন্ন্যাসী, ভক্ত, মন্দির কর্মী সমবেতভাবে সেখানে যোগ দিবসে অংশ নেন।

বেলুড় মঠের খুব কাছে আজ হাওড়ার বালি দুর্গাপুর- অভয়নগর এক নম্বর গ্রাম পঞ্চায়েতে সমবায় পল্লী জাগরণী ক্লাবের সদস্যরাও আজ সকালে বর্ণাঢ্য এক অনুষ্ঠানের মধ্যে দিয়ে যোগ চর্চায় সামিল হন।

দক্ষিণ ২৪ পরগণার গঙ্গাসাগরে কপিলমুনির আশ্রম চত্বরে মহাসমারোহে পালিত হয় আন্তর্জাতিক যোগ দিবস। পাথরপ্রতিমা ও রায়দিঘির বিভিন্ন প্রান্তে

বনদপ্তরের উদ্যোগে যোগাভ্যাসের পাশাপাশি ম্যানগ্রোভ চারা রোপণ কর্মসূচি পালিত হয়।

অন্যদিকে, ভারতীয় পুরাতত্ত্ব সংস্থা ASI এর আয়োজনে আজ বাঁকুড়ার বিষ্ণুপুর রাস মঞ্চে আন্তর্জাতিক যোগ দিবসের অনুষ্ঠানে হাজির ছিলেন স্কুল কলেজ পড়ুয়া, সরকারী আধিকারিক কর্মী, এন সি সি ও বিভিন্ন বিভাগের প্রায় পাঁচ শতাধিক অংশগ্রহণকারী।

পাশাপাশি হাওড়া, হুগলী, নদীয়া, মালদা, পূর্ব বর্ধমান, উত্তর দিনাজপুর সহ একাধিক জেলায় বিভিন্ন সরকারি প্রতিষ্ঠানে, প্রশাসনিক উদ্যোগে বিপুল জনসমাগমে পালিত হয় যোগ দিবস।

-----

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ কলকাতায় সম্পূর্ণ দেশীয় প্রযুক্তিতে তৈরি ভারতীয় নৌবাহিনীর কাজের জন্য তিনটি জাহাজ— 'আইএনএস দুনাগিরি', 'আইএনএস সংশোধক' এবং 'আইএনএস অগ্রয়' দেশবাসীর উদ্দেশ্যে উৎসর্গ করেছেন। নৌবাহিনীর 'ওয়ারশিপ ডিজাইন ব্যুরো'-র নকশা করা এই জাহাজগুলি নির্মাণ করেছে 'গার্ডেন রিচ শিপবিল্ডার্স অ্যান্ড ইঞ্জিনিয়ার্স'। এই জাহাজগুলি নৌসেনার যুদ্ধকালীন তৎপরতা, জললেখচিত্র সংক্রান্ত সমীক্ষা অর্থাৎ হাইড্রোগ্রাফিক সার্ভে এবং সাবমেরিন-বিরোধী যুদ্ধ ক্ষমতাকে আরও শক্তিশালী করবে।

অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেন দেশীয় নকশা ও প্রযুক্তিতে নির্মিত জাহাজগুলি ভারতের আত্মনির্ভরতার প্রতীক।

## Byte PM on ship resolution

প্রধানমন্ত্রী আরও বলেন ভারত নিজের সামুদ্রিক ক্ষেত্র ও নিরাপত্তা মজবুত করতে, বন্দরগুলির আধুনিকীকরণে নানা উদ্যোগ নিয়েছে।

## Byte - PM maritime ecosystem

-----

পূর্ব বর্ধমানের রায়নায় ১ নম্বর ব্লক তৃণমূল কংগ্রেস সভাপতি বামদেব মণ্ডলকে গ্রেফতার করেছে পুলিশ। তাঁর বিরুদ্ধে তোলাবাজি, বালি সিডিকেট চালানো, ভয় দেখানো, হুমকির অভিযোগ রয়েছে। ধৃতকে আজ বর্ধমান আদালতে পেশ করেছে রায়না থানার পুলিশ।

অন্যদিকে, কোচবিহারের তুফানগঞ্জ দু'নম্বর ব্লকের মহিষকুচি গ্রাম পঞ্চায়েতের তৃণমূলের প্রাক্তন অঞ্চল সহ-সভাপতি জাহান উদ্দিন আহমেদকে গ্রেপ্তার করেছে পুলিশ। নির্বাচনের ফলাফল ঘোষণা হওয়ার পর থেকে তিনি লুকিয়ে ছিলেন বলে জানিয়েছেন স্থানীয় বাসিন্দারা। তাঁর বিরুদ্ধে তোলাবাজি, কাটমানি আদায় করা সহ একাধিক অভিযোগ রয়েছে।

-----

উত্তরবঙ্গের জলপাইগুড়ি জেলার ময়নাগুড়ি থেকে দোমোহনী আসার পথে উল্লাডাবরি এলাকায় এক বাস দুর্ঘটনায় মৃত চার যাত্রী। আহত ২৫। উত্তরবঙ্গ রাষ্ট্র পরিবহনের বাসটি আজ সকালে আচমকা নিয়ন্ত্রণ হারিয়ে লরির পিছনে ধাক্কা মারে। ঘটনাস্থলে আসে পুলিশ। শুরু হয় উদ্ধার কাজ। আহতদের দ্রুত উদ্ধার করে জলপাইগুড়ি মেডিকেল কলেজ ও হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানেই মৃত্যু হয় চার জনের। আরও কয়েকজনের অবস্থা আশঙ্কাজনক বলে খবর। বৃষ্টির কারণে রাস্তা পিছল থাকায় এই দুর্ঘটনায় বলে পুলিশের প্রাথমিক অনুমান।

-----

সক্রিয় দক্ষিণ পশ্চিম মৌসুমী বায়ুর প্রভাবে আজও রাজ্য জুড়ে বিভিন্ন জেলায় বৃষ্টির সম্ভাবনা। দক্ষিণবঙ্গের পূর্ব পশ্চিম বর্ধমান বীরভূম ও মুর্শিদাবাদ জেলায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া এবং বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির কমলা সতর্কতা রয়েছে। ইতোমধ্যেই কলকাতা ও তার আশপাশের এলাকায় বৃষ্টি শুরু হয়েছে। আগামী দুই থেকে তিন ঘণ্টার মধ্যে পূর্ব পশ্চিম মেদিনীপুর জেলায় হালকা থেকে মাঝারি বৃষ্টির হলুদ এবং দক্ষিণ ২৪ পরগনা জেলায় কমলা সতর্কতা দেওয়া হয়েছে। আগামী তিন চার দিন বিক্ষিপ্তভাবে দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় বৃষ্টির সম্ভাবনা রয়েছে। এদিকে উত্তরবঙ্গে হিমালয় সন্নিহিত ৫ জেলায় বৃষ্টির পরিমাণ বেশি থাকবে বলে আলিপুর আবহাওয়া দপ্তর

জানিয়েছে। আলিপুরদুয়ার ও জলপাইগুড়ি জেলায় আজ রয়েছে অতি ভারী  
বৃষ্টির লাল সর্তকতা। তাপমাত্রার সেরকম কোন হেরফের হবে না।

---